

Australian Centre for
Disability Law

Bengali | বাংলা



পার্ট 3

সামঞ্জস্য

স্কুলে আপনার প্রয়োজনীয় সাহায্যটি পাওয়া



ইজি রিড
(সহজে পড়া
যায়)

www.disabilitylaw.org.au

বিষয়বস্তু

এই টুলকিট সম্পর্কে	2
সামঞ্জস্য	3
একসাথে কাজ করা	6
সমন্বয় করার জন্য জিজ্ঞাসা	7
যখন মানুষ আপনার প্রতিবন্ধীত্ব সম্পর্কে জানেনা	9
শারীরিক সহায়তার প্রয়োজন	12
স্কুল নিয়ে পরিকল্পনা করা	13
ব্যক্তিগত শিক্ষার পরিকল্পনা	14
অন্যান্য পরিকল্পনা	15
সহায়ক সরঞ্জাম	17

তথ্য, যোগাযোগ এবং ক্যাপাসিটি বিল্ডিং (ILC) প্রোগ্রামের অংশ হিসাবে এই তথ্যটি অস্ট্রেলিয়ান সরকারের ডিপার্টমেন্ট অব সোশ্যাল সার্ভিস দ্বারা অর্থায়িত।

কাউন্সিল ফর ইন্টেলেকচুয়াল ডিসঅ্যাবিলিটি এই নথিটিকে ইজি রিড করেছে। একে সংক্ষেপে **CID** বলা হয়। আপনি যদি এই নথিতে কোনও ছবি ব্যবহার করতে চান তবে আপনাকে CID-কে জিজ্ঞাসা করতে হবে। আপনি CID এর সাথে business@cid.org.au তে যোগাযোগ করতে পারেন।

পার্ট ৩

সামঞ্জস্য



এই টুলকিট সম্পর্কে



এই টুলকিটটি অস্ট্রেলিয়ান সেন্টার ফর ডিসেবিলিটি ল থেকে নেয়া।

একটি **টুলকিট** আপনাকে এমন জিনিস সম্পর্কে ধারণা দেয় যা আপনার জানা বা করা উচিত।




এই টুলকিট এমন শিক্ষার্থীদের জন্য যারা NSW এর মূলধারার স্কুলে যায়।



এছাড়াও এটা তাদের জন্য

- যারা TAFE, বিশ্ববিদ্যালয় বা অন্যান্য জায়গায় শেখার উদ্দেশ্যে যায়
- পরিবার এবং পরিচর্যাকারী



টুলকিটটি আপনাকে শেখার জন্য প্রয়োজনীয় সহায়তা পেতে আপনার স্কুলের সাথে কীভাবে কথা বলতে হবে তা জানতে সাহায্য করবে।

এই টুলকিটে 6টি অংশ রয়েছে।

সামঞ্জস্য



সামঞ্জস্য হলো পরিবর্তন যাতে আপনি স্কুলে আরও ভালভাবে শিখতে পারেন।



কিছু পরিবর্তন অন্যান্য শিক্ষার্থীদের জন্যও ভালো হতে পারে।

সমস্বয় হতে পারে


- বিভিন্ন উপায়ে আপনি তথ্য পেতে পারেন যেমন ইজি রিড
- স্ক্রীন রিডারের মতো প্রযুক্তি যা আপনাকে শিখতে সাহায্য করতে পারে বা টুল যেটি আপনি যা বলেন তা লিখতে পারে

- স্কুলে র‍্যাম্প বা লিফট

- বিভিন্ন ধরনের আসন এবং ডেস্ক

এগুলো হচ্ছে সমস্বয়।

এমন বিভিন্ন উপায় রয়েছে যেগুলো করতে স্কুলগুলি আপনাকে সাহায্য করতে পারে।





আপনার শিক্ষকরা কিছু পরিবর্তন আনতে পারেন।



আপনার শিক্ষকগণ এমন কিছু করতে পারেন যেমন ক্লাসের কাজ বা প্রকল্পগুলি করতে আপনাকে আরও সময় দিতে পারেন।



আপনাকে আপনার জন্য উপযুক্ত এমন কাজ বা পরীক্ষাগুলো দিতে পারেন।




বড় দলের সামনে না দিয়ে বরং একটি ছোট দলের সামনে আপনাকে আপনার প্রকল্প সম্পর্কে কথা বলতে দিতে পারেন।



উদ্বিগ্ন শিক্ষার্থীদের জন্য এটি ভাল।

উদ্বিগ্ন হলো আপনি যদি অনেক লোকের সামনে কথা বলতে চাপ অনুভব করেন।



এমন অন্যান্য জিনিস আছে যেগুলো স্কুল করতে পারে

- অংশগ্রহণ করা যায় এমন অনুষ্ঠান এবং ভ্রমণ
- প্রতিবন্ধী ব্যক্তিদেরকে কিভাবে আরও অন্তর্ভুক্ত করা যায় সে সম্পর্কে শিক্ষক ও অন্যান্য কর্মীদের প্রশিক্ষণ
- আপনি কোথাও যেতে চাইলে স্কুল তাতে সহায়তা করে যেমন পরামর্শদাতা বা স্পিচ থেরাপিস্ট



সময় অবশ্যই **যুক্তিসঙ্গত** হতে হবে।



যুক্তিসঙ্গত মানে স্কুলকে অবশ্যই এগুলো করতে সক্ষম হতে হবে।


এসবের ব্যয় নির্বাহের জন্য স্কুলের কাছেও অর্থ থাকতে হবে।



এই ভিডিওটি একটি উচ্চ বিদ্যালয়ে খাপ খাওয়ানো সম্পর্কে

www.nccd.edu.au/illustrations-practice/kings-meadows-high-school-types-adjustment

একসাথে কাজ করা



পার্ট 2 তে মানদণ্ড নিয়ে কথা বলা হয়েছে।



মানদণ্ড অনুযায়ী স্কুলটি অবশ্যই আপনি এবং আপনার পরিবারের সাথে প্রয়োজনীয় সমন্বয়গুলি নিয়ে কথা বলবে।



আপনার ভালভাবে শেখার জন্য যা প্রয়োজন সে সম্পর্কে স্কুল আপনি এবং আপনার পরিবারের কথা শুনবে।

আপনাদের সকলকে একসাথে কাজ করা উচিত।



আপনার প্রতিবন্ধীত্ব সম্পর্কে তাদের আরও জানতে হতে পারে।



স্কুল আপনার চাহিদা মাফিক সকল সমন্বয় করতে সক্ষম নাও হতে পারে।

সমস্বয় করার জন্য জিজ্ঞাসা



আপনার প্রয়োজনীয় সামঞ্জস্য চাইতে এখানে কিছু ধারণা রয়েছে।



আপনি একজন অকুপেশনাল থেরাপিস্টকে স্কুলটি দেখার জন্য বলতে পারেন।

একজন **অকুপেশনাল থেরাপিস্ট** হলেন এমন একজন ব্যক্তি যিনি আপনাকে এমনভাবে কাজ করতে সাহায্য করেন যা আপনার জন্য ভাল।



তারা আপনাকে এবং স্কুলকে আপনার কোন ধরণের সমস্বয় প্রয়োজন তা বুঝতে সাহায্য করতে পারেন।



আপনি স্কুলের কাছ থেকে যেসকল পরিবর্তন আশা করেন সেগুলো লিখে রাখাটা ভাল।



এটি আপনাকে এবং আপনার পরিবারকে স্কুলের সাথে দেখা করার সময় পরিবর্তনগুলি সম্পর্কে কথা বলতে সাহায্য করবে।



আপনার প্রয়োজনীয় সমস্বয়ের জন্য আপনি NDIS-এর কাছে আর্থিক সাহায্য চাইতে পারেন।



কোন কিছুর জন্য সাহায্য চাওয়াটা কঠিন হতে পারে।



সামঞ্জস্যের জন্য সাহায্য চাওয়ার ক্ষেত্রে আপনি এবং আপনার পরিবার পার্ট 4 দেখতে পারেন।

যখন মানুষ আপনার প্রতিবন্ধীত্ব সম্পর্কে জানেনা



কোন কোন প্রতিবন্ধীত্ব সম্পর্কে বোঝাটা কঠিন যেমন


- মানসিক স্বাস্থ্য সমস্যা
- শেখার অক্ষমতা
- অটিজম



এটি স্কুলে সঠিক সহায়তা পাওয়া কঠিন করে
তুলতে পারে।



আপনি এবং আপনার পরিবারকে প্রয়োজনীয়
সহায়তা চাইতে হবে।




আপনার কী ধরণের সাহায্য প্রয়োজন স্কুলকে সে সম্পর্কে বলতে হতে পারে

- আরও বিরতি
- একটি শান্ত জায়গা
- ছবিসহ একটি সময়সূচী
- বিরতিকালীন সময়ে সমর্থন

এগুলো হচ্ছে সমস্বয়।

এমন বিভিন্ন উপায় রয়েছে যেগুলো করতে স্কুলগুলি আপনাকে সাহায্য করতে পারে।



আপনি আপনার ডাক্তার বা অন্যান্য স্বাস্থ্যসেবা কর্মীকে আপনার যে বিষয়গুলি শিখতে হবে তা লিখে দিতে পারেন।

আপনি এই তথ্য আপনার স্কুলে দিতে পারেন।




আপনার স্কুল এমন কিছু করতে পারে যা আপনাকে শেখায় সাহায্য করে না যেমন

- তাড়াতাড়ি বাড়ি পাঠিয়ে দেয়
- আপনাকে শুধুমাত্র কিছু ক্লাসে যেতে দেয়



আপনার প্রতিবন্ধীত্বের কারণে আপনি সমস্যায় পড়তে পারেন।

আপনার স্কুল আপনার প্রতিবন্ধীত্ব বুঝতে না পারার কারণেও এটি হতে পারে।



আপনার সাথে এই ধরনের ঘটনা ঘটলে আপনার পরিবার বা পরিচর্যাকারীকে অবশ্যই স্কুলের সাথে কথা বলা উচিত।



স্কুলকে আপনার প্রতিবন্ধীত্ব এবং আপনার কী প্রয়োজন সে সম্পর্কে আরও জানতে হবে।

তাদের বুঝতে হবে তারা কিভাবে আপনাকে সহায়তা করতে পারে।



আপনি এবং আপনার পরিবার প্রয়োজনীয় সমস্বয় না পেলে স্কুলে অভিযোগ করতে পারেন।

পার্ট 5 এ অভিযোগ সম্পর্কে বলা হয়েছে।

শারীরিক সহায়তার প্রয়োজন



শারীরিক প্রতিবন্ধীত্ব থাকলে আপনার স্কুলে সামঞ্জস্যের প্রয়োজন।



স্কুলটিকে র‍্যাম্প, লিফট বা সহজে ব্যবহার করা যায় এমন টয়লেট তৈরির মতো পরিবর্তন করতে হতে পারে।




পার্ট 1 এ লক্ষ্য সম্পর্কে কথা বলা হয়েছে।

আপনার যা প্রয়োজন তা স্কুলকে জানাতে আপনি আপনার লক্ষ্যগুলি ব্যবহার করতে পারেন।




স্কুলের সবকিছুতে অন্তর্ভুক্ত হওয়াটা আপনার অধিকার।

স্কুল নিয়ে পরিকল্পনা



আপনার জন্য একটি পরিকল্পনা তৈরি করতে আপনি এবং আপনার পরিবারকে স্কুলের সাথে এক হয়ে কাজ করা উচিত।



এই পরিকল্পনা আপনার স্কুলকে জানাবে

- আপনার যা শিখতে হবে
- তাদের কী কী পরিবর্তন করতে হবে



সেই পরিকল্পনা আগে থেকেই করুন।

পরিবর্তনগুলি করতে স্কুলগুলির সময় এবং অর্থের প্রয়োজন।

ব্যক্তিগত শিক্ষার পরিকল্পনা



একক শিক্ষা পরিকল্পনা বা ব্যক্তিগত শিক্ষার পরিকল্পনা হলো একটি পরিকল্পনা যা বলে দেবে

- আপনার চাহিদা কী
- স্কুলের কী কী সমস্যা করা উচিত
- কিভাবে আপনি সেরাটা শিখতে পারেন



আপনার একটি পরিকল্পনা থাকা গুরুত্বপূর্ণ।



আপনার পরিবার বা পরিচর্যাকারীর সাথে বসে পরিকল্পনাটি লিখা এবং আপনার শিক্ষক বা স্কুলের পরিকল্পনার সাথে সম্মত হওয়া ভাল হতে পারে।

অন্যান্য পরিকল্পনা




আপনার আচরণ বা অনুভূতি সম্পর্কে সাহায্য করার জন্য আপনার একটি পরিকল্পনার প্রয়োজন হবে।



এই পরিকল্পনাটি আপনাকে এবং অন্যান্য শিক্ষার্থীদের সুরক্ষিত রাখতে স্কুলকে সাহায্য করে।



একটি ভাল পরিকল্পনা করতে স্কুলকে আপনার এবং আপনার প্রতিবন্ধীদের কথা জানতে হবে।



পরিকল্পনাটি আপনার জন্য এবং আপনার কী শেখার প্রয়োজন সে সম্পর্কে সঠিক হওয়া উচিত।




আপনি এবং আপনার পরিবারকে পরিকল্পনাটি পরীক্ষা করা আবশ্যিক।

নিশ্চিত করুন যেন এটি আপনার এবং আপনার প্রতিবন্ধীদের জন্য যেন সঠিক হয়।



প্রতিটি টার্মে আপনার পরিকল্পনা পরীক্ষা করা উচিত।



আপনার যে ধরনের সহায়তার প্রয়োজন তা পরিবর্তনের সাথে সাথে এটি পরিবর্তন করতে হতে পারে।

সহায়ক সরঞ্জাম



এখানে কিছু ওয়েবসাইট রয়েছে যা আপনাকে সমন্বয় সম্পর্কে বলে।



এই ওয়েবসাইটগুলি সহজ পাঠের মধ্যে অন্তর্ভুক্ত নয়। আপনি একজন সহায়তাকারীর সাহায্য চাইতে পারেন।




এই রিসোর্সটি পৃষ্ঠা 5 এবং 7 এ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের কেস স্টাডি শেয়ার করে।

www.dese.gov.au/download/3183/exemplars-practice/18357/document/pdf



এই ভিডিওতে শারীরিক সমন্বয় সম্পর্কে কিছু তথ্য রয়েছে

www.nccd.edu.au/illustrations-practice/sir-joseph-banks-high-school-adjustments



এই ভিডিওতে শারীরিক সমন্বয় সম্পর্কে তথ্য রয়েছে

www.youtube.com/watch?v=lkbsmv22wCg&feature=youtu.be



এই ওয়েবসাইটে সমন্বয়ের উদাহরণ আছে

www.nccd.edu.au/wider-support-materials/whats-reasonable?parent=%2Fdisability-standards-education&activity=%2Fwider-support-materials%2Freasonable-adjustments&step=0



এই রিসোর্সে বিভিন্ন সমন্বয় সম্পর্কে তথ্য আছে

www.adcet.edu.au/students-with-disability/reasonable-adjustments-disability-specific/



এই ভিডিওতে শিক্ষার্থীদের জন্য সমন্বয় সম্পর্কে তথ্য রয়েছে

www.nccd.edu.au/illustrations-practice/ashdale-primary-schools-levels-adjustment